# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd


নং- ঢাশিবো/বি/২১০/রেজিঃ/৬৮৬ তারিখ: ১০/০৮/২০২৬ ইং।

## জরুরী বিজ্ঞপ্তি

**বিষয়: ২০২৫ সনের ৬ষ্ঠ শ্রেণির শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড বিতরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-এর অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠানে ২০২৫ সালে ৬ষ্ঠ শ্রেণিতে অধ্যয়নকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড আগামী ১৭/০৮/২০২৬ ইং তারিখ থেকে ২৭/০৮/২০২৬ তারিখ পর্যন্ত বিতরণ করা হবে। উক্ত রেজিস্ট্রেশন কার্ড বিদ্যালয় শাখা থেকে গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

***প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশন কৃত শিক্ষার্থীর সংখ্যা সম্বলিত তালিকা সংযুক্ত করা হলো***

| তারিখ | বার | জেলা |
|---|---|---|
| ১৭/০৮/২০২৬ | সোমবার | ঢাকা মহানগরী |
| ১৮/০৮/২০২৬ | মঙ্গলবার | মানিকগঞ্জ ও কিশোরগঞ্জ |
| ১৯/০৮/২০২৬ | বুধবার | নরসিংদী ও গোপালগঞ্জ |
| ২০/০৮/২০২৬ | বৃহস্পতিবার | ঢাকা জেলা ও মাদারীপুর |
| ২৩/০৮/২০২৬ | রবিবার | শরীয়তপুর ও রাজবাড়ী |
| ২৪/০৮/২০২৬ | সোমবার | গাজীপুর ও ফরিদপুর |
| ২৫/০৮/২০২৬ | মঙ্গলবার | টাঙ্গাইল জেলা |
| ২৭/০৮/২০২৬ | বৃহস্পতিবার | নারায়নগঞ্জ ও মুন্সিগঞ্জ জেলা |

০১। রেজিস্ট্রেশন কার্ডে কোন ধরনের ভূল ক্রুটি হয়ে থাকলে আগামী ১৩/০৯/২০২৬ ইং তারিখের মধ্যে বোর্ডের নির্ধারিত ফরমে বোর্ড ফিসহ সংশোধনের জন্য আবেদন করতে হবে। প্রতি শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে সংশোধনের জন্য ফি ১০০/- (একশত) টাকা। উক্ত তারিখের মধ্যে সংশোধন না হলে এর দায়-দ্বায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।

০২। শিক্ষা প্রতিষ্ঠানের প্রথম স্বীকৃতি/সর্বশেষ স্বীকৃতি নবায়নের পত্র এবং কমিটি অনুমোদনপত্র আবেদনের সাথে দাখিল করতে হবে।

০৩। উল্লেখিত তারিখের মধ্যে রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ/গ্রহণ না করলে শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৪। যে সকল সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে স্বীকৃতি নবায়ন নেই, সেই সকল প্রতিষ্ঠানের স্বীকৃতি নবায়ন করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

10.8.26


**প্রফেসর ড. মোঃ মাসুদ রানা খান**
আইডি নং-০১৭৪৪২
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন: ০২-৫৮৬১০০৬৯
ইমেইল: is@dhakaeducationboard.gov.bd


প্রাপক: **অধ্যক্ষ/প্রধান শিক্ষক**
বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল
শিক্ষা প্রতিষ্ঠান

মেমো নং-৬৮৬(৮) তারিখ : ১০/০৮/২০২৬ ইং।

**অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :**

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৩। জেলা প্রশাসক, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা।
৪। জেলা শিক্ষা অফিসার, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা।
৫। উপজেলা নির্বাহী অফিসার, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
৭। পি.এস.টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৮। অফিস কপি।

10.8.26

**বিদ্যালয় পরিদর্শক**
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।